**মোহাম্মদ দুলাল মিঞা**, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক
**কক্সবাজার বীচ ঝিনুক ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ** এর পরিদর্শন প্রতিবেদন

# প্রারম্ভিক বিবরণী

০১. সমিতির নাম ঃ কক্সবাজার বীচ ঝিনুক ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ
০২. সমিতির নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা ঃ গ্রাম-সুগন্ধা পয়েন্ট, ডাকঘর-কক্সবাজার-৪৭০০
উপজেলা-কক্সবাজার সদর, জেলা-কক্সবাজার।
সমিতির নিবন্ধন নং ও তারিখ ঃ ২৩১২, তারিখ-১৮/০৩/২০১৮খ্রি.
০৩. সমিতির সদস্য নির্বাচনী ও কর্ম এলাকা ঃ সমগ্র কক্সবাজার বীচ এলাকায় ঝিনুক ব্যবসায়ীদের মধ্যে সীমাবদ্ধ।
০৪. সমিতির ব্যবস্থাপনা কমিটি ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | নির্বাচনের তারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ রুবেল | সভাপতি | ২৫/০২/২০২৩ |
| ০২ | জনাব জামাল হোছন | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব আবদুল হাকিম | সম্পাদক | |
| ০৪ | জনাব মোহাম্মদ ছিদ্দিক | সদস্য | |
| ০৫ | জনাব জহিরুল হক | সদস্য | ১ম সভা-২৮/০২/২০২৩ |
| ০৬ | জনাব আবদুল করিম | সদস্য | |

০৫. নির্বাচন অনুষ্ঠানের তারিখ ঃ ২৫/০২/২০২৩খ্রি.
০৬. সর্বশেষ বার্ষিক সাধারণ সভার তারিখ ঃ ১৫/১১/২০২৩খ্রি.
০৭. সমিতির সর্বমোট সদস্য সংখ্যা ঃ ৫১ জন
০৮. সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ঃ ৩২,১০০/- টাকা
০৯. বাজেয়াপ্ত শেয়ার ঃ ৩,২০০/-টাকা
১০. সমিতির আদায়কৃত সঞ্চয় আমানত ঃ ৯,৫৮,৮০০/- টাকা
১১. সমিতির বর্তমান অবস্থা ঃ কার্যকর
১২. পরিদর্শনের তারিখ ঃ ২০/০১/২০২৫খ্রি.

## পরিদর্শন মন্তব্য ঃ

পূর্ব আনুষ্ঠানিকতা পালন করতঃ অদ্য-২০/০১/২০২৫ইং তারিখ সমিতির যাবতীয় কার্যক্রম পরিদর্শন করি এবং পরিদর্শনের সময় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালীন সময়ে ছোট-খাট দোষ ত্রুটি তাৎক্ষনিকভাবে সংশোধন করে নেয়া হয় এবং অন্যান্য ও দোষ-ত্রুটি বিচ্যুতি সমূহ সংশোধনের নিমিত্তে নিম্নে কতিপয় দিক নির্দেশনাসহ পরামর্শ প্রদান করা হল।

০১। **সমিতির উদ্দেশ্য ঃ** পরিদর্শনকালে সমিতির উপ-আইন পাওয়া যায়। তাতে সমিতির প্রধান উদ্দেশ্য হলো পর্যটন নগরী কক্সবাজার সমুদ্র সৈকতের সামুদ্রিক ঝিনুক দিয়ে আকর্ষনীয় বিভিন্ন শো-পিচ তৈরী, বাজার জাতকরণ ও আগত পর্যটকদের বিক্রি করে সমিতির সদস্যদের আর্থ-সামজিক উন্নয়নের জন্য বহুমুখী পদক্ষেপ গ্রহন করা। সমিতির প্রায় সদস্য ও কর্মকর্তাগণ সমিতির উদ্দেশ্য বাস্তবায়নের জন্য সর্বদা সক্রিয় নয় বলে পরিলক্ষিত হয়।

০২। **সমিতির সদস্য সংখ্যা ঃ** সমিতির বর্তমান সদস্য ৫১জন। সদস্য সংখ্যা আরও বৃদ্ধি করে সমিতির কার্যকরী মূলধন বৃদ্ধি করার জন্য এবং সদস্য রেজিষ্টারে সকল সদস্যের স্বাক্ষর পরিলক্ষিত হয়। নতুন সদস্য ভর্তি হলে সদস্য রেজিষ্টার বহি হালনাগাদ করার পরামর্শ দেয়া গেল।

০৩। **ব্যবস্থাপনা কমিটি ঃ** সমিতির ব্যবস্থাপনা কমিটি বর্তমানে ০৬(ছয়) জন সদস্য দ্বারা পারিচালিত হচ্ছে। বিগত ২৫/০২/২০২৩খ্রি. তারিখে নির্বাচন অনুষ্ঠিত হয় এবং ২৮/০২/২০২৩খ্রি. ১ম সভার মাধ্যমে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি দায়িত্বভার গ্রহণ করেন। সেই হিসাবে আগামী-২৭/০২/২০২৬খ্রি, তারিখে বর্তমান ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবে। সমিতির ব্যবস্থাপনা কমিটিকে সমবায় আইন/২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) ও সমবায় বিধিমালা/২০০৪ (সংশোধন ২০২০) এবং সমিতির বিদ্যমান উপ-আইনের আলোকে কার্যক্রম পরিচালনা করার জন্য পরামর্শ দেওয়া গেল।

৪। **সমিতির সভা ঃ** রেকর্ড পর্যালোচনায় দেখা যায় যে, সমিতিতে নিয়মিত ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়নি। পরিদর্শনকালে সভার রেজুলেশন বহি পাওয়া যায়। ভবিষ্যতেও নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে সমিতির কার্যক্রম পরিচালনা করার জন্য পরামর্শ দেওয়া গেল। নিয়মিত ব্যবস্থাপনা কমিটির সভা এবং নিরীক্ষা কাজ সম্পন্ন হওয়ার ৬০(ষাট) দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করার জন্য পরামর্শ দেওয়া গেল।

০৫। **শেয়ার মূলধন** ঃ পরিদর্শনকালে সমিতির মোট শেয়ার মূলধনের পরিমাণ-৩২,১০০/- টাকা এবং বাজেয়াপ্ত শেয়ারের পরিমান-৩,২০০/-টাকা। এ পর্যন্ত কোন শেয়ার ফেরত প্রদান করা হয় নাই। সমিতির শেয়ার মূলধন আরও বৃদ্ধি এবং সকল সদস্যগণকে শেয়ার সার্টিফিকেট প্রদান করার জন্য পরামর্শ প্রদান করা হল।

০৬। **সঞ্চয় আমানত ঃ** বর্তমানে সমিতিতে আদায়কৃত সঞ্চয় আমানতের পরিমান-৯,৫৮,৮০০/- টাকা। সমিতির প্রত্যেক সদস্য হতে নিয়মিত সঞ্চয় আমানত আদায় করার জন্য পরামর্শ দেয়া গেল এবং সঞ্চয় আমানত রেজিষ্ট্রারের অসম্পূর্ণ কলামগুলো যথাযথভাবে পূরণ করার জন্য ও সদস্যদের হালনাগাদ পাশ বহি সরবরাহের জন্য পরামর্শ প্রদান করা হল।

০৭। **লাভ-ক্ষতিঃ** সমিতির লাভ-ক্ষতি হিসাব পরিদর্শনে দেখা যায় যে, আলোচ্য ২০২৩-২০২৪ আর্থিক সনে সমিতির ৬,০৪৪/- টাকা ক্ষতি হয়। আর্থিক ক্ষতি সমিতির জন্য কল্যানকর নহে। সমিতির রাজস্ব আয়ের চাইতে ব্যয় বেশী হওয়ায় এই ক্ষতি হয়েছে। সমিতিকে আরো লাভজনক প্রকল্প গ্রহণের মাধ্যমে লাভের ব্যবস্থা করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হল এবং একইসাথে ব্যয় সংকোচন নীতি অনুসরণের জন্য পরামর্শ দেয়া গেল।

**সমাপনী মন্তব্য ঃ** সমিতির কার্যক্রম বর্তমানে সন্তোষজনক মর্মে বিবেচিত। সমিতির সদস্যদের আর্থসামাজিক উন্নয়নের জন্য চাহিত মোতাবেক উন্নয়ন প্রকল্প দেয়া যায়। সমিতিকে আরও সার্বিক উন্নতির দিকে নিয়ে যেতে সকলের ঐক্যমত্যের ভিত্তিতে কাজ করার জন্য পরামর্শ দেয়া হল। সকল সদস্যগণকে তাদের শেয়ার সার্টিফিকেট প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হলো। প্রতি বৎসরের আয়-ব্যয় নির্বাহের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাজেট অনুমোদন করিয়ে নেয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো। পরিদর্শন কালে উপস্থিত সমিতির সভাপতি, সম্পাদক ও সদস্যগণের সার্বিক সহযোগীতা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি। পরিশেষে সমিতির সার্বিক উন্নতি কামনা করছি।

**(মোহাম্মদ দুলাল মিঞা)**
যুগ্ম নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

স্মারক নং-
তারিখ-

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি ঃ**

০১। সভাপতি/সম্পাদক, কক্সবাজার বীচ ঝিনুক ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, ঠিকানা-সুগন্ধা পয়েন্ট, সী-বীচ, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার সদর, কক্সবাজার।
০২। উপজেলা সমবায় অফিসার, সদর, কক্সবাজার।
০৩। জেলা সমবায় অফিসার, কক্সবাজার।
০৫। অফিস নথি।

যুগ্ম নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।